

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী ।
(<http://fulgazi.feni.gov.bd>)


বিজ্ঞপ্তি

বাংলাদেশ, পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন জনশুমারি ও গৃহগণনা- ২০২১ প্রকল্পে ফুলগাজী উপজেলার ০৬(ছয়)টি ইউনিয়নের ও মৌজার স্থায়ী বাসিন্দাদের মধ্যে স্থানীয় আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের মধ্য হতে নিম্ন উল্লিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুমারি/জরিপ চলাকালীন সময়ে তালিকাকারী /গননাকারী ও সুপারভাইজার মনোনয়ন করা হবে।

শর্তাবলী :

০১. প্রার্থীকে ন্যূনতম স্নাতক/এইচএসসি(সমমান) পাশ হতে হবে ।
০২. প্রার্থীকে সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমনঃ ন্যাশনাল সার্ভিস, স্কুল, কিন্ডার গার্ডেনে নিয়োজিত থাকা যাবে না ।
০৩. ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং আইসিআর ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে ।
০৪. প্রার্থীকে মাঠ পর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মনমানসিকতা থাকতে হবে ।
০৫. তালিকা কাজে স্মার্ট ফোন ব্যবহার হবে বিধায় প্রার্থীর নিজস্ব স্মার্টফোন (এন্ড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫”) থাকতে হবে ।
০৬. কমপক্ষে ৫০% মহিলা প্রার্থী অগ্রাধিকার পাবে ।
০৭. পূর্বের শুমারি/জরিপ কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে ।
০৮. আবেদন পত্রের সাথে নিম্নের সকল কাগজ পত্র সত্যায়িত করে জমা দিতে হবে :
 - (ক) সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি ।
 - (খ) জাতীয় পরিচয় পত্র (এনআইডি)-০১ কপি ।
 - (গ) নাগরিকত্বের সনদ-০১ কপি ।
 - (ঘ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ-০১ কপি ।
০৯. আবেদন পত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তর/উপজেলা পরিমংখ্যান অফিস/ইউনিয়ন পরিষদ(সকল) ফুলগাজী, ফেনী এবং bbs.sadar.feni.gov.bd ওয়েবসাইটের ঠিকানায় পাওয়া যাবে
১০. শুমারি/জরিপ কাজের শেষে পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে দেওয়া হবে ।
১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীতই মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজনও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন ।

উল্লিখিত শর্ত পূরণকল্পে আবেদন পত্র আগামী -১৪/০১/২০২০ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৫.০০টার মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, ফুলগাজী, ফেনী বরাবর পৌছাতে হবে । আবেদনকারীদের আগামী-১৬/০১/২০২০ খ্রি: সকাল ০৯.৩০ ঘটিকা নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্বাক্ষর গ্রহণ করা হবে ।



(মো: সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী ।


ও

সভাপতি
উপজেলা স্থায়ী শুমারি কমিটি
ফুলগাজী, ফেনী ।
তারিখঃ ০৬/০১/২০২০ খ্রি:

স্মারক নং- ০৬.২০.৬০৪২.০০০.০৬.০২.২০২০-২০

অনুলিপি, কার্যার্থে/জ্ঞাতার্থে(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক, ফেনী ।
০২. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ফেনী ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী ।
০৪. উপজেলা..... কর্মকর্তা, ফুলগাজী, ফেনী ।
০৫. চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, ফুলগাজী, ফেনী ।
০৬. অফিস কপি ।



(মোহাম্মদ রহমত উল্লাহ)
উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ডা:)

ও

সদস্য সচিব
উপজেলা স্থায়ী শুমারি কমিটি
ফুলগাজী, ফেনী ।